প্রথম আলো

তারিখ 13 JAN 2009
পৃষ্ঠা ৩ কলাম ১

মতবিনিময় সভায় ছাত্রলীগ নেতারা

# শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ চালুর চেষ্টা করা হবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ছাত্রলীগের নেতারা বলেছেন, ছাত্র অধিকারের স্বার্থে ডাকসুসহ সারা দেশে শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ চালুর সর্বাত্মক চেষ্টা করা হবে। প্রতিটি হলে বৈধ শিক্ষার্থী ও ভিন্নমতের শিক্ষার্থীদের সহাবস্থান নিশ্চিত করা হবে। পাশাপাশি বহিরাগতরা যাতে হলে অবস্থান করতে না পারে সে জন্য ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সব ধরনের সহযোগিতা দেবে।

গতকাল সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে এক মতবিনিময় সভায় ছাত্রলীগের কেন্দ্রীয় নেতারা এসব কথা বলেন। তারা বলেন, শিক্ষার্থীদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব প্রশাসনের। শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সব সময় ছাত্রলীগ তাদের পাশে থাকবে। তবে কেউ শিক্ষাঙ্গনে অরাজকতা সৃষ্টি করতে চাইলে সারা দেশের ছাত্রসমাজকে সঙ্গে নিয়ে ছাত্রলীগ তাদের প্রতিহত করবে।

সভায় ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপন বলেন, কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে কোনো নেতা-কর্মী দলীয় নিয়মশৃঙ্খলা ভঙ্গ করলে তাদের বিরুদ্ধে সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা নেওয়া হবে। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি গোলাম সারওয়ার কবির, সুজাদুর রহমান সুজাদ, এমদাদ হাওলাদার, যুগ্ম সম্পাদক ইকবাল মাহমুদ বাবলু, শাহীনুর রহমান টুটুল, জসিম উদ্দিন, সাংগঠনিক সম্পাদক আশরাফুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শেখ সোহেল রানা টিপু ও সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব বাদশা।